# জেলা পরিষদ কার্যালয়
## পাবনা।
www.zppabna.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**২৪-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদের ১ম মাসিক সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা আ.স.ম. আব্দুর রহিম পাকন
চেয়ারম্যান
জেলা পরিষদ, পাবনা।

স্থানঃ ঃ রশিদ হল, জেলা পরিষদ,পাবনা।
তারিখ ঃ ২৪-১১-২০২২ খ্রিঃ।
সময় ঃ দুপুর ১.০০ টা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে ফুলের শ্রদ্ধা নিবেদন শেষে নির্বাচিত প্রথম পর্ষদের ১ম মাসিক সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যদেরকে স্বাগত জানান এবং নির্ধারিত আসন গ্রহণের জন্য অনুরোধ করেন। শুরুতেই নবনির্বাচিত চেয়ারম্যান, সাধারণ সদস্য ও সংরক্ষিত সদস্যদের জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণ ফুলের তোড়া দিয়ে বরণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলওয়াত পাঠের মাধ্যমে সভার শুভ সূচনা করা হয়। এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যবৃন্দ, স্বাধীনতা যুদ্ধে শহীদদের প্রতি, জাতীয় চার নেতা ও অফিসের জেষ্ঠ্য কর্মচারী মোঃ ইউনুছ আলীর মৃত্যুর স্মরণে দাঁড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়। সভাপতি মহোদয় তাঁর দিক নির্দেশনামূলক বক্তব্যের শুরুতেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তাকে পাবনা জেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে মনোনয়ন দেয়ার জন্য তাঁর প্রতি অকৃতিম ভালোবাসা, কৃতজ্ঞতা ও তাঁর দীর্ঘায়ু কামনা করেন। তিনি পাবনা জেলা পরিষদকে একটি গতিশীল, স্বচ্ছ, জবাবদিহীতা মূলক প্রতিষ্ঠানে রুপান্তর করার এবং জেলা পরিষদের সেবা তৃণমূল পর্যায়ে পৌছে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন। এ বিষয়ে তিনি জেলা পরিষদের সকল নির্বাচিত সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র, উপজেলা নির্বাহী অফিসার এবং পাবনার সকল আপামর জনগণের সার্বিক সহযোগিতা কামনা করেন।

আলোচ্য সূচী ঃ ১। **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ।**

সভায় গত ১৭-০৭-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলা পরিষদের ওয়েব সাইটে দেয়া হয়। এতে কারও কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয় ।

**আলোচ্য সূচি-২ প্রথম সভার কার্যক্রম ঃ** জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জানান যে, জেলা পরিষদ আইন ২০০০, সংশোধিত আইন ২০১৬/২০২২ অনুযায়ী জেলা পরিষদের নির্বাচন এবং পরিষদ পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। তিনি জেলা পরিষদের সূচনালগ্ন এবং এর জন্ম ইতিহাস সম্পর্কে সভায় বিস্তারিত আলোকপাত করেন। তিনি আরও জানান যে, জেলা পরিষদ আইন ২০০০ এর ১৩ ধারা অনুসারে প্রথম সভা অনুষ্ঠিত হওয়ার ত্রিশ দিনের মধ্যে পরিষদ উহার সদস্যগণের মধ্য হতে অন্তত একজন মহিলা সদস্যসহ তিন জনের একটি অস্থায়ী চেয়ারম্যানের প্যানেল তৈরীর বিধান রয়েছে। এছাড়াও জেলা পরিষদ আইন ২০০০ এর ৩৪ ধারাতে ৭টি স্থায়ী কমিটি গঠনের বিধান রয়েছে। সেই সাথে তিনি নতুন নির্বাচিত সদস্যদের জেলা পরিষদ সম্পর্কে সম্যক জ্ঞান থাকার বিষয়ে পরবর্তীতে একটি ওরিয়েন্টেশন প্রশিক্ষণ আয়োজন করার কথাও উল্লেখ করেন। নির্বাচিত প্রায় সকল সদস্যগণ, উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারগণ শুভেচ্ছা বক্তব্য পেশ করেন এবং জেলা পরিষদকে আরও গতিশীল, শক্তিশালী এবং জবাবদিহীতামূলক প্রতিষ্ঠানে রুপান্তরে সার্বিক সহযোগিতা করবেন মর্মে আশ্বস্থ করেন।

**সিদ্ধান্ত ঃ** আগামী ৩০ দিনের মধ্যে প্যানেল চেয়ারম্যান এবং স্থায়ী কমিটি গঠনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী ঃ বিবিধ -৪ (১)। ২০২৩ খ্রিঃ সালের ক্যালেন্ডার তৈরী সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা ঃ** জেলা পরিষদের ০৭ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নজরুল ইসলাম সোহেল জেলা পরিষদের মাধ্যমে আগামী ২০২৩ খ্রিষ্টীয় সনের জন্য ক্যালেন্ডার তৈরীর বিষয়ে প্রস্তাব করলে উপস্থিত সকল সদস্য ক্যালেন্ডার তৈরীর বিষয়ে একমত পোষণ করেন এবং ক্যালেন্ডার তৈরীর জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। কমিটি নিম্নরুপঃ

১) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা — আহ্বায়ক
২) জনাব মোঃ নাসিম হায়দার, হিসাব রক্ষক, জেলা পরিষদ, পাবনা — সদস্য
৩) জনাব মোঃ মোশাররফ হোসেন, ষাঁটলিপিকার, জেলা পরিষদ, পাবনা — সদস্য
৪) জনাব মোঃ মতিয়ার রহমান, প্রধান সহকারী, জেলা পরিষদ, পাবনা — সদস্য সচিব

সিদ্ধান্ত ঃ উক্ত কমিটি কর্তৃক ২০২৩ খ্রিঃ সালের জন্য ৩০০০পিস ক্যালেন্ডার ও খাম তৈরীর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ২.০০ (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী ঃ বিবিধ-৪(২) আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।**

আলোচনা ঃ সিইও জানান যে, জেলা পরিষদে ২টি জীপ গাড়ী রয়েছে। একটি চেয়ারম্যান মহোদয়ের ব্যবহারের জন্য এবং আরেকটি প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যবহারের জন্য। চেয়ারম্যান এর ব্যবহৃত জীপ গাড়ীর ড্রাইভার জনাব মোঃ মোস্তাফা কামাল গত ০১ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখ হতে (পিআরএল) অবসরোত্তর ছুটিতে যাওয়ায় পদটি শুন্য হয়েছে। শুন্য পদটি সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য ইতোমধ্যেই ছাড়পত্র চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। নিয়োগ কার্যক্রম দীর্ঘ প্রক্রিয়া বিধায় চালক নিয়োগ না হওয়া পর্যন্ত আউটসোসিং প্রক্রিয়া অনুসরণ করে আপাততঃ একজন চালক দিয়ে গাড়ী সচল রাখা যায়।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে যতদিন ছাড়পত্র না আসে ততদিন পর্যন্ত একজন চালক দিয়ে আউটসোর্সিং নীতিমালা অনুসরণ করে তার পারিশ্রমিক দেয়া যেতে পারে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সকল সদস্যকে আবারও ধন্যবাদ জ্ঞাপন ও তাদের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/২২
বীর মুক্তিযোদ্ধা
(আ.স.ম. আব্দুর রহিম পাকন)
চেয়ারম্যান
জেলা পরিষদ,পাবনা
ফোন ঃ ০২৫৮৮৮-৪৬০৫৭
e-mail: zppabna@ gmail.com

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০১.১৫.০০১.২২.৪০০(৪৬) — তারিখ ঃ ২৪-১১-২০২২ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে) ঃ
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। পরিচালক, স্থানীয় সরকার , রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
০৬। জেলা পরিষদের সদস্যবৃন্দ............................................।
০৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান..........................,পাবনা।
০৮। মেয়র, ..............................পৌরসভা, পাবনা।
০৯। উপজেলা নির্বাহী অফিসার............................পাবনা।
১০। সি এ টু চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪/১১/২২
(কাজী আতিয়ুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পাবনা।
মোবাঃ ০১৭১৩-৮৫৬৫০২
ফোনঃ ০২-৫৮৮৮৪৫৮৫৯ (অফিস)
e-mail: ceozppabna@ gmail.com